বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৯৯ তারিখঃ ০৯ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
২৩ মে, ২০২২ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৮২৪ তম কমিশন সভা অদ্য ২৩/০৫/২০২২ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, পুঁজিবাজারে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীর মাধ্যমে তারল্য বৃদ্ধির লক্ষ্যে কাট অফ ডেট-এ যোগ্য বিনিয়োগকারীদের তালিকাভুক্ত সিকিউরিটিজে বিনিয়োগ সীমা নিম্নরুপভাবে নির্ধারণ করল:-

(ক) পেনশন ফান্ড এবং স্বীকৃত প্রোভিডেন্ট ফান্ড ও গ্র্যাচুইটি ফান্ড ব্যতীত অন্যান্য যোগ্য বিনিয়োগকরীদের পুঁজিবাজারে বিনিয়োগসীমা ১.০০ (এক) কোটি টাকা থেকে বৃদ্ধি করে ৩.০০ (তিন) কোটি টাকা এবং

(খ) অনুমোদিত পেনশন ফান্ড এবং স্বীকৃত প্রোভিডেন্ট ফান্ড ও গ্র্যাচুইটি ফান্ড এর পুঁজিবাজারে বিনিয়োগ ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ১.৫০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) কোটি টাকা।

উল্লেখ্য যে, অনুমোদিত পেনশন ফান্ড এবং স্বীকৃত প্রোভিডেন্ট ফান্ড ও গ্র্যাচুইটি ফান্ড ইলেকট্রনিক্স সাবসক্রিপশন সিস্টেম (ESS)-এ নিবন্ধনের ক্ষেত্রে স্টক এক্সচেঞ্জদ্বয়ের ইলেকট্রনিক্স সাবসক্রিপশন সিস্টেম (ESS) টিম নিম্নোক্ত দলিল দস্তাবেজ পরিক্ষান্তে নিবন্ধন নিশ্চিত করবেন:-

(ক) জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদিত কপি;

(খ) নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং সংশ্লিষ্ট ব্যাংক বিবরণী (সংশ্লিষ্ট ফান্ড তার আর্থিক বিবরণীতে প্রর্দশিত অর্থের অতিরিক্ত অর্থ কোন আইপিও'তে বিনিয়োগ করতে পারবে না।)

০২. কমিশন অদ্যকার সভায়, Envoy Textile Limited এর ২০০ (দুইশত) কোটি টাকা অভিহিত মূল্যের Non-Convertible, Fully Redeemable, Unsecured Zero-Coupon Bond এর প্রস্তাব অনুমোদন করেছে যার Discount Rate ৬.৫০% থেকে ৮% এবং এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে ইস্যু করা হবে । বন্ডটির লট প্রতি অভিহিত মূল্য ২০ (বিশ) লক্ষ টাকা এবং প্রতি লটে ১০টি বন্ড থাকবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে Envoy Textile Limited পাওয়ার প্লান্টের যন্ত্রপাতি ক্রয় এবং ঋণ পুনঃঅর্থায়ন করবে। এই বন্ডের ন্যুনতম সাবস্ক্রিপশন ব্যক্তি পর্যায়ে ২০ (বিশ) লক্ষ টাকা এবং প্রাতিষ্ঠানিক পর্যায়ে ১.০০ (এক) কোটি টাকা। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করবে UCB Investment Ltd. এবং Lead Arranger হিসাবে কাজ করছে NDB Capital Limited। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

০৩. কমিশন অদ্যকার সভায়, Alif Industries Limited এর ৩০০.০০ (তিনশত) কোটি টাকার ০৬ বছর মেয়াদী Unsecured, Floating Rate, Convertible Bond এর প্রস্তাব কতিপয় শর্তসাপেক্ষে অনুমোদন করেছে। ব্যাংক, বীমা কোম্পানি, আর্থিক প্রতিষ্ঠান, কর্পোরেট ও উচ্চ সম্পদশালী একক

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

বিনিয়োগকারীদের মাঝে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বন্ডটি ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে তালিকাভুক্ত একটি কোম্পানির অংশীদারিত্ব গ্রহণ, উক্ত কোম্পানির ব্যাংক দায় পরিশোধ, উক্ত কোম্পানির জন্য মেশিনারি ক্রয়, ওয়ার্কিং ক্যাপিটাল ও বন্ড ইস্যু সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা। বন্ডটির ট্রাস্টি এবং ইস্যু ম্যানেজার হিসাবে যথাক্রমে Bangladesh General Insurance Company Limited এবং Bengal Investment Limited কাজ করছে। এছাড়াও উক্ত বন্ডটিকে Alternative Trading Board এ অন্তর্ভূক্ত করার জন্য শর্তারোপ করা হয়।

23-05-2022

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd